

AKASHVANI(Kolkata)

Regional News Unit

Date: 02-12-2025

Desk inCharge : Kalyan L.

Time: 1.40 PM

Compiling : Sankar.M/ NBR

DEO : KB

NRT : NBR

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

BLO-দের কাছে থাকা যাবতীয় বকেয়া এনিইউমারেশন ফর্ম আজকের মধ্যে ডিজিটাইজ করার কাজ শেষ করতে হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল নির্দেশ দিয়েছেন। আজকের পর থেকে প্রতিদিন যেসব এন্যুমারেশন ফর্ম পাওয়া যাবে সেগুলি দৈনিক ভিত্তিতে আপলোড করতে হবে। আগের কোনো ফর্ম গ্রাহ্য হবে না। রাজ্যের সমস্ত নির্বাচন নিবন্ধন আধিকারিক বা ERO-দের লেখা এক চিঠিতে শ্রী আগরওয়াল জানিয়েছেন, এনইউমারেশন পর্বের সময়সীমা বাড়ায় তারা খসড়া ভোটার তালিকা আরো নির্ভুলভাবে প্রকাশ করার সুযোগ পেয়েছেন। পাশাপাশি এখনো পর্যন্ত যে সমস্ত ফর্ম BLO-রা সংগ্রহ করতে পারেননি সেগুলির ব্যাপারে স্পষ্ট নির্দেশ দিয়েছেন তিনি। মুখ্য নির্বাচনী আধিকারিক জানান, ১১ ডিসেম্বরের মধ্যে যেসব ফর্ম জমা না পড়বে, সেগুলোকে ‘আনকালেক্টেবল’ হিসেবে গণ্য করা হবে এবং সেই স্টেটাস পোর্টালেও প্রতিফলিত হবে। এই সময়ের মধ্যে কোথাও অস্থায়ী কর্মী ডেটা এন্ট্রি করেছেন কি না, তাও খতিয়ে দেখতে হবে। কোনও ত্রুটি ধরা পড়লে তার দায় বহন করতে হবে সংশ্লিষ্ট BLO-কে।

নতুন নির্দেশিকায় ২০০২ সালের ভোটার তালিকায় ৬০ বছর বা তার বেশি বয়সী ভোটারদের তথ্য ফের যাচাই করার কথা বলা হয়েছে। একই সঙ্গে ২০২৫ সালের

খসড়া তালিকায় অভিভাবকের নাম মিলছে না এমন ক্ষেত্রে পুনরায় তথ্য পর্যালোচনা করতে হবে। আবার ২০০২ সালের তালিকায় অভিভাবকের নাম থাকলেও ভোটারের বয়সের ব্যবধান ৪৫ বছরের বেশি বা ১৮ বছরের কম হলে সেখানেও পুনরায় যাচাই বাধ্যতামূলক করা হয়েছে।

রাজ্যে আগামী বিধানসভা নির্বাচনে ব্যয় সংক্রান্ত বিষয়ে নজরদারি চালানোর লক্ষ্যে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল সংশ্লিষ্ট দফতরগুলির সঙ্গে এক বৈঠকে বসতে চলেছেন। আগামী ১১-ই ডিসেম্বর বৃহস্পতিবার কলকাতার Bengal Chamber of Commerce and Industry-তে সকাল সাড়ে ১১ টায় ওই বৈঠক হওয়ার কথা। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের অন্যান্য শীর্ষ আধিকারিক রাজ্য পুলিশের ডিজি, কলকাতার নগরপাল, চিফ পোস্ট মাস্টার জেনারেল ওয়েস্ট বেঙ্গল সার্কেল, ডিরেক্টর জেনারেল অফ ইনকাম ট্যাক্স (ওয়েস্ট বেঙ্গল) রিজার্ভ ব্যাঙ্কের রিজিওনাল ডিরেক্টর, SLBC-র এরাড্যের আহ্বায়ক, কমিশনার অফ কমার্শিয়াল ট্যাক্সেস, কমিশনার অফ Excise , আইজি সীমা সুরক্ষা বল পূর্ব রেলের আইজি ও PCSC RPF সহ ২৫-টি দপ্তরের শীর্ষ আধিকারিকদের ওই বৈঠকে যোগদানের কথা। রাজ্যে বিগত নির্বাচনে ব্যয় সংবেদনশীল নির্বাচনী এলাকা সহ বিভিন্ন বিষয় বৈঠকে পর্যালোচনা করা হবে।

SIR নিয়ে আলোচনার দাবীতে সংসদের উভয় সভার অধিবেশন আজ দুপুর ২'টো পর্যন্ত মুলতুবি হয়ে গেছে। প্রথমবার মুলতুবির পর বেলা ১২'তায় সভা বসলে, বিরোধী সদস্যরা তাঁদের দাবীতে শ্লোগান দিতে দিতে ওয়েলে নেমে পড়েন। সংসদ বিষয়ক মন্ত্রী কিরণে রিজিজু বলেন, সরকার যেকোনো বিষয়ে আলোচনায় রাজী। তবে তা' শান্তিপূর্ণ এবং সুষ্ঠু উপায়ে হওয়া বাঞ্ছনীয়। বিরোধীরা একটি মাত্র ইস্যু নিয়েই আলোচনা চালাতে চাইছেন, কিন্তু অন্যান্য অনেক বিষয়ে বিতর্কের অবকাশ রয়েছে।

রাজ্যসভাতেও পরিস্থিতি একইরকম থাকায় আজ শীতকালীন অধিবেশনের দ্বিতীয় দিনের কাজকর্ম বিঘ্নিত হচ্ছে।

এদিকে, SIR নিয়ে আলোচনার দাবী জানিয়ে সংসদ ভবনের বাইরে বিক্ষোভে সামিল হয়েছে কংগ্রেস, তৃণমূল কংগ্রেস সহ অন্যান্য বিরোধীরা।

‘বিকশিত ভারত’ বা উন্নত ভারত গঠনের জন্য সব রাজ্যের সমগ্র ক্ষেত্রের অগ্রগতি ও বিকাশ অত্যন্ত জরুরী বলে মৎস্য, দুগ্ধ এবং পশুপালন মন্ত্রী রাজীব রঞ্জন সিং জানিয়েছেন। তবে পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্পে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত ব্যবহার না করায় তাকে দুর্ভাগ্যজনক বলে আখ্যা দেন মন্ত্রী। লোকসভায় আজ এক অতিরিক্ত প্রশ্নের জবাবে শ্রী সিং বলেন, ‘প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনা’, দেশের মৎস্য ক্ষেত্রে এক বিপ্লব এনেছে। প্রস্তাবিত ২২১ কোটি টাকার মধ্যে কেন্দ্র ইতিমধ্যেই ১শো ১৪ কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকারকে দিয়ে দিলেও তারা মাত্র ৫৮ কোটি টাকা খরচ করেছে। যেকোনো প্রকল্পের সফল রূপায়নের জন্য রাজ্য সরকারের সহযোগিতা অত্যন্ত জরুরী বলে উল্লেখ করেন তিনি।

শহর কলকাতায় মিছিল করতে চেয়ে, ফের একবার আদালতের দ্বারস্থ হয়েছে বিজেপি। রাজ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতির লাগাতার অবনতির প্রতিবাদে আগামী শনিবার ৬ তারিখ সিমলা স্ট্রিটে স্বামী বিবেকানন্দের বাড়ি থেকে শ্যামবাজার পাঁচ মাথার মোড় পর্যন্ত দলের পক্ষ থেকে মিছিলের আয়োজন করা হয়েছে। উপস্থিত থাকবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ অন্যান্য নেতৃবর্গ। তবে, কলকাতা পুলিশের পক্ষ থেকে মিছিলের অনুমতি না মেলায় হাইকোর্টে আবেদন জানানো হয়।

বিচারপতি শুভ্রা ঘোষের এজলাসে আগামীকাল মামলাটির শুনানি হতে পারে।

কোচবিহার এক নম্বর ব্লকের পানিশালা গ্রাম পঞ্চায়েতের ধলুয়াবাড়ি এলাকায়, গতরাতে রবীন্দ্র চন্দ্র নামে এক বিজেপি কর্মীর বাড়িতে হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠল তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

অন্যদিকে ধলুয়াবাড়িতে সিপিএমের পার্টি অফিস ভাঙচুর অভিযোগ উঠল শাসক দলের বিরুদ্ধে। দুটি ঘটনায় চাপ্তাল্য ছড়িয়েছে এলাকায়। দুটি ক্ষেত্রেই অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

রাজ্যে বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ বৈঠকে বসছেন। নবান্ন সংলগ্ন সভাঘরে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে মুখ্যসচিব মনোজ পণ্ড, স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী ডিজি রাজীব কুমার ছাড়াও সব দপ্তরের সচিবকে নির্দেশ দেওয়া হয়েছে। সব জেলাশাসকরাও ভার্যুয়ালী বৈঠকে যোগ দেবেন। বৈঠকে বিভিন্ন দপ্তরের কাজের অগ্রগতি নিয়ে বার্ষিক রিপোর্ট পেশ করা হতে পারে।

অন্যদিকে, আজকের বৈঠকের পরেই মুখ্যমন্ত্রীর মূর্শিদাবাদ রওনা হওয়ার কথা। এস আই আর-এর বিরোধিতা সহ বেশকিছু কর্মসূচী নিয়ে মূর্শিদাবাদ থেকেই শুরু হচ্ছে মুখ্যমন্ত্রীর জেলা সফর। আগামীকাল মালদার গাজলে একটি জনসভা করবেন তিনি। এছাড়াও চার তারিখ বহরমপুরে প্রশাসনিক বৈঠকে যোগ দেবেন মুখ্যমন্ত্রী।

আগামী ৯ তারিখ কোচবিহারে একটি পদযাত্রার পর জনসভা করবেন মুখ্যমন্ত্রী।

আন্তর্জাতিক দিব্যঙ্গ দিবস উপলক্ষে আজ থেকে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সারা বিশ্বব্যাপী তেশরা ডিসেম্বর এই দিনটি বিশেষভাবে উদযাপন করা হয়।

আজ সকালে ‘ন্যাশনাল ইনস্টিটিউট ফর লোকোমোটর ডিসঅ্যাবিলিটিজ’-এর তরফে ধর্মতলায় একটি র্যালির আয়োজন করা হয়।

এদিকে মহিলা ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দপ্তরের তরফে আজ বিশেষভাবে সক্ষম কৃতি মানুষদের পুরস্কার দিয়ে সম্মাননা জানানো হয়। এঁদের মধ্যে অন্যতম হলেন, দৃষ্টিহীন ক্রিকেটার চন্দন মাইতি।

বাতাসের উপরি স্তরে পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা আজ হঠাৎ অনেকটাই বেড়ে গেছে। সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২০ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে যা প্রায় সাড়ে তিন ডিগ্রি বেশি। পশ্চিমী ঝঞ্ঝার কারণে গতকাল থেকেই আকাশ মেঘলা, তবে আজ থেকে তা কেটে যাওয়ার সম্ভাবনা।

আগামীকাল থেকে উত্তরে বাতাসের শক্তি কিছুটা বাড়বে ফলে রাজ্যের প্রায় সব জেলাতেই সর্বনিম্ন তাপমাত্রা ২ থেকে ৪ ডিগ্রি পর্যন্ত কমতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন।
